



### উইলসন রোগ কি?

উইলসন ডিজিজ একটি ত্রুটিযুক্ত জিন দ্বারা সৃষ্ট উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত রোগ। এ রোগে মস্তিষ্ক, যকৃত এবং অন্যান্য অঙ্গগুলিতে মাত্রাতিরিক্ত তামা জমা হয়।

### কিভাবে উইলসন ডিজিজ প্রথম প্রকাশ পায় এবং এর সাধারণ উপসর্গগুলি কি কি?

কিছু উইলসন ডিজিজের উপসর্গ শৈশব বা যৌবনের প্রথম দিকে শুরু হতে পারে। এসময় স্নায়ুবিদ উপসর্গ প্রায়শই অন্তর্ভুক্ত থাকে :

- অনৈচ্ছিক গতিবিধি, এর মধ্যে অস্বাভাবিক ভঙ্গিমা (ডিসটোনিয়ার মতো) বা কম্পন
- ভারসাম্য বা হাত সমন্বয়ে অসুবিধা
- কথা বলতে বা ঢোক গিলতে অসুবিধা
- জ্ঞানভিত্তিক বা আচরণগত পরিবর্তন

উইলসন ডিজিজে সাধারণত যকৃতের সমস্যা ও পাওয়া যায়, পাশাপাশি রক্তস্বল্পতা, কিডনী বা হৃৎপিণ্ডের সমস্যাও দেখা যায়।

### উইলসন ডিজিজ কি কারণে হয়?

উইলসন ডিজিজ উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত। এটি নির্দিষ্ট জিনের পরিবর্তনের ফলে ঘটে যা একটি প্রোটিন তৈরী করার মাধ্যমে শরীর থেকে অতিরিক্ত তামা অপসারণ করে। এর ফলে শরীরে বিশেষত মস্তিষ্ক, যকৃত এবং চোখে তামা জমা হয়। অতিরিক্ত তামা দ্বারা সৃষ্ট ক্ষতিই উইলসন ডিজিজের উপসর্গগুলো তৈরী করে।

### উইলসন ডিজিজ কিভাবে নির্ণয় করা যায়?

ডাক্তারদের সাবধানতার সাথে উইলসন রোগের লক্ষণগুলো খেয়াল করা জরুরী, যেহেতু এটি সহজেই লক্ষ্য করার বাইরে চলে যেতে পারে। এটি মূলত রক্ত ও মূত্র পরীক্ষার মাধ্যমে নির্ণয় করা হয়।

সেরলোপ্লাজমিন যকৃতে তৈরী একটি প্রোটিন যা শরীরে তামা সংরক্ষণ ও পরিবহন করে। রক্তের একটি পরীক্ষা যা এই প্রোটিনটিকে পরিমাপ করে সেটি উইলসন ডিজিজ নির্ণয় করতে ব্যবহার করা যেতে পারে। কিন্তু উপরোক্ত পরীক্ষাটি মাঝে মাঝে উইলসন ডিজিজ নির্ণয় করতে পারেনা তাই মূত্র পরীক্ষা যেটি তামার পরিমাণ পরিমাপ করে সেটি সুপারিশ করা হয়। এই পরীক্ষায় ২৪ ঘন্টার মূত্র সংগ্রহ করা হয়। এই মূত্র পরীক্ষা সঠিকভাবে করা উইলসন রোগ নির্ণয়ের জন্য খুবই গুরুত্বপূর্ণ।

উইলসন রোগ নির্ণয়ের সাথে আরও কিছু পরীক্ষা প্রায়শই যুক্ত, এর মধ্যে :

- কর্নিয়ায় অস্বাভাবিক তামা সনাক্তকরণের জন্য চোখ পরীক্ষা
- রোগ নিশ্চয়করণে যকৃতের বায়োপাসি
- উইলসন রোগের সাথে জড়িত পরিবর্তন গুলো নির্ণয়ের জন্য মস্তিষ্কের এমআরআই।
- চূড়ান্তভাবে রোগ নির্ণয়ের জন্য জেনেটিক পরীক্ষা

### উইলসন ডিজিজ কি চিকিৎসাযোগ্য?

হ্যাঁ। উইলসন ডিজিজ অবশ্যই চিকিৎসাযোগ্য। প্রাথমিক পর্যায় রোগ নির্ণয় ও চিকিৎসা মস্তিষ্ক ও শরীরের অপরিবর্তনীয় ক্ষতি প্রতিরোধে গুরুত্বপূর্ণ।

### আমার কি খাদ্যাভ্যাস পরিবর্তন করা উচিত?

অনেকগুলো সাধারণ খাবারে তামা অন্তর্ভুক্ত থাকে এবং বেশীরভাগ লোক এই খাবারগুলো তাদের প্রয়োজনের চেয়ে বেশী গ্রহন করেন। আপনার যদি উইলসন ডিজিজ থাকে, তাহলে এসব তামাযুক্ত খাবার পরিহার করা বা কম খাওয়াই ভাল। এর মধ্যে :

- চকলেট
- বাদাম
- শেলফিশ (shellfish)
- যকৃত

### কি চিকিৎসা পাওয়া যায়?

উইলসন ডিজিজের জন্য বিভিন্ন ধরনের চিকিৎসা পাওয়া যায়। এর মধ্যে রয়েছে :

- ঔষধ যা অম্ল থেকে তামা শোষণ হ্রাস করে। এর মধ্যে জিংকের কিছু প্রস্তুতি আছে। যা কাজ করতে কিছুটা সময় নেয়।
- কিছু ঔষধ যা শরীরে কপারের সাথে যুক্ত হয়। এর মধ্যে রয়েছে ডি-পেনিসিলামিন, ট্রাইয়েন্টিন ও অ্যামোনিয়াম টেট্রাথিও-মলিবডেট। এই ঔষধগুলির গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে এবং প্রতিটি দেশে সচারণ পাওয়া যায় না।
- গুরুতর ক্ষেত্রে তামার বিপাক স্বাভাবিক করার জন্য যকৃত প্রতিস্থাপন করা যেতে পারে।

অস্বাভাবিক নড়াচড়া সহ উইলসন রোগের অন্যান্য উপসর্গগুলো উন্নতি করার জন্য আরো কিছু ঔষধ ব্যবহার করা যেতে পারে। কোন চিকিৎসা আপনার জন্য উপযুক্ত সে সম্পর্কে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।

### পরিবারের অন্যান্য সদস্যদের পরীক্ষা করা উচিত?

যেহেতু উইলসন ডিজিজ জেনেটিক রোগ, তাই পরিবারের সদস্যরা ঝুঁকির মধ্যে থাকতে পারেন। উইলসন একটি অটোসোমাল রেসেসিভ(Autosomal recessive) অবস্থা। এর অর্থ অস্বাভাবিক জিনের দুটি অনুলিপি প্রয়োজন, যার একটি মায়ের কাছ থেকে অন্যটি বাবার কাছ থেকে আসে। বাবা ও মা ভাল থাকেন যেহেতু তাদের কাছ থেকে একটি করে স্বাভাবিক কপি থাকে। যাহোক, ভাইবোনেরা ঝুঁকির মধ্যে থাকতে পারে। আপনি যদি সনাক্তকৃত উইলসন রোগী হন এবং আপনার যদি ভাইবোন থাকে তাহলে তাদের অবশ্যই পরীক্ষা করানো উচিত। বিরল ক্ষেত্রে, পরিবারের অন্যান্য সদস্যদেরও স্ক্রিনিং করানো লাগতে পারে। আপনার ডাক্তার বা একজন জেনেটিক কাউন্সেলরকে জিজ্ঞেস করে অবশ্যই নিশ্চিত হবেন যে আপনার পরিবারের অন্যান্য সদস্যদের স্ক্রিনিং করানো উচিত কিনা।